**2022**

# ELECTIVE BENGALI

**(General)**

**Paper Code : III - A & B**

**(New Syllabus)**

Full Marks : 100 Time : Three Hours

## Paper Code : III - A

(Marks : 30)

Choose the correct answer.

Each question carries 1 Mark.

1. Imitation-এর পারিভাষিক অর্থ হল —
   (A) অনুরণন
   (B) অনুকরণ
   (C) মায়া
   (D) উপকরণ
2. Lampoon-এর পারিভাষিক প্রতিশব্দ —
   (A) করুণরস
   (B) হাসি
   (C) স্থূল ব্যঙ্গ
   (D) প্রকাশ্য
3. Irony-এর পারিভাষিক অর্থ —
   (A) স্তুতি
   (B) শ্লেষ
   (C) ক্লেশ
   (D) ব্যঙ্গ
4. Myth-এর পারিভাষিক অর্থ —
   (A) লোকপুরাণ
   (B) পুরাণ
   (C) কাব্য
   (D) ইতিহাস

5. Romance-এর পারিভাষিক অর্থ —

(A) নভেল

(B) নাটক

(C) কবিতা

(D) উপরের কোনোটিই নয়

6. Soliloquy-এর পারিভাষিক অর্থ —

(A) স্বগতোক্তি

(B) পরোক্ষ উক্তি

(C) একাকী

(D) দ্বিরালাপ

7. Surrealism-এর পারিভাষিক অর্থ —

(A) প্রকরণবাদ

(B) স্বপ্নবাদ

(C) পরাবাস্তববাদ

(D) বাস্তববাদ

8. পরাগত সমীভবন কোনটি?

(A) পদ্ম > পদ্দ

(B) গল্প > গপ্পো

(C) বৎসর > বচ্ছর

(D) মৎস্য > মচ্ছ

9. গামোছা > গামছা — কোন্ ধরনের ধ্বনি পরিবর্তন?

(A) স্বরাগম

(B) ব্যঞ্জনাগম

(C) ব্যঞ্জনলোপ

(D) স্বরলোপ

10. Realism-এর পারিভাষিক অর্থ —

(A) অধিবাদ

(B) কল্পবাদ

(C) পরাবাস্তববাদ

(D) বাস্তববাদ

11. Sonnet-এর পারিভাষিক অর্থ—

(A) কাব্য

(B) চতুর্দশপদী কবিতা

(C) পয়ারবন্ধ কবিতা

(D) একপদী পয়ার

12. Purgation-এর পারিভাষিক অর্থ—

(A) ভাবমোক্ষণ

(B) বিচারবাদ

(C) কলাকৈবল্যবাদ

(D) সৃজনবাদ

13. Wit-এর পারিভাষিক অর্থ—

(A) বাগ্‌-বৈদগ্ধ্য

(B) বুদ্ধিমত্তা

(C) কল্পনাপ্রতিভা

(D) প্রতীকসাম্য

14. স্বরসঙ্গতির ভাগ কয়টি ?

(A) দু'টি

(B) তিনটি

(C) চারটি

(D) পাঁচটি

15. নিচের কোনটি তৎসম শব্দ ?

(A) বাড়ি

(B) ঘর

(C) সূর্য

(D) মুড়ি

16. 'ডাক্তারখানা' কী জাতীয় শব্দ

(A) আগন্তুক

(B) তৎসম

(C) তদ্ভব

(D) মিশ্র বা সংকর

17. এদের মধ্যে কোনটি জোড়কলম শব্দ?

(A) আনারস

(B) কুয়াশা

(C) ধোঁয়াশা

(D) গামছা

18. শেফালি > শিউলি-এটি কোন্ ধরনের স্বরসঙ্গতি ?

(A) অন্যোন্য

(B) প্রগত

(C) পরাগত

(D) মধ্যগত

19. অর্ধ-তৎসম শব্দ কোনটি?

(A) চন্দন

(B) মানিক

(C) সৌরভ

(D) ফাগুন

20. 'লোকনিরুক্তি' শব্দ কোনটি?

(A) টেবিল

(B) চেয়ার

(C) সোফা

(D) আরামচেয়ার

21. মরণ-কে 'পঞ্চত্বপ্রাপ্তি বলা কীসের উদাহরণ?

(A) বিভাষা

(B) অপভাষা

(C) সুভাষণ

(D) অভিশ্রুতি

22. মুকুট > মুটুক — এটি কীসের উদাহরণ?

(A) সমীভবন

(B) বিপর্যাস

(C) অভিশ্রুতি

(D) স্বরসঙ্গতি

23. নতুন প্যারাগ্রাফ আরম্ভ করার জন্য ব্যবহৃত চিহ্ন হল —

(A) N.P

(B) M.P

(C) T.P

(D) S.P

24. a̅-এই রোমান লিপিটির বাংলা প্রতিলিপিটি হল —

(A) অ

(B) ই

(C) আ

(D) উ

25. শব্দ বা বাক্যকে স্থানান্তরিত করতে যে চিহ্ন ব্যবহৃত হয় —

(A) tans

(B) *Ital*

(C) dl

(D) St

26. মোটা অক্ষরকে সরু করতে কোন্ চিহ্ন ব্যবহার করা হয়?

(A) $F_1$

(B) $F_2$

(C) $F_4$

(D) $P_2$

27. 'গিন্নী' — এটি কোন্ শব্দ?

(A) তৎসম

(B) তদ্ভব

(C) দেশি

(D) অর্ধ-তৎসম

28. ফাঁকা কমানোর জন্য ব্যবহৃত চিহ্ন হল —

(A) Eq#

(B) Up#

(C) Less#

(D) Down#

29. লাইন সমান করার জন্য কোন্ চিহ্নটি ব্যবহৃত হয়?

(A) #

(B) ^

(C) =

(D) ~

30. 'ঞ'-এর রোমান লিপি হল —

(A) Ñ

(B) Ññ

(C) h

(D) উপরের কোনোটিই নয়

## Paper Code : III - B

(Marks : 70)

*The figures in the margin indicate full marks.*
*Candidates are required to give their answers*
*in their own words as far as practicable.*

১। নিম্নলিখিত শব্দগুলির বাংলা পরিভাষা লেখো। (যে কোনো **দশটি**) : ৫

Absurd, Aestetic, Canto, Classical, Epic, Deep Structure, Free Verse, Idealism, Illusion, Image, Mythology, Magnum Opus, Monodrama, Hamartia, Farce

২। নীচে প্রদত্ত রচনাংশটির প্রুফ সংশোধন করো। (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানান বিধি অনুসারে) ৫

আমরাবাঙালিরা একুস ফেব্রুয়ারী নিয়ে বড মাতামাত করি অথচ নিজের বাংলা ভাষার প্রতি যথাযত সম্মান দেখাই। কোনো বাঙালি যদি নিজেকে শিক্ষিত ব'লে দাবী করেন অথচ তিনি যদি নির্ভুল বাংলা বলতে-লিখতে অপারক হন তখন তাঁর বাঙালি পরিচিতি নিয়েই প্রশ তোলা যায়। আমর দৈনন্দিন কাজে কতটকু আমরা বাংলা ভাষা ব্যবহারকরি কতটাই-বা বাংলা ভাষা ব্যবহার করার অবকশ রয়েছে? যেকোনো সড়কারি কাজে ইংরেজ ভাষার আধপত্য। আমরা বাঙালিরা যাঁরা কিনা কাজ চালানোর মতো ইংরেজি ভাষা জানি, তাঁরাও কিন্তু যাঁরা ইংরেজি অতটাও জানেন না, তাঁদের প্রতি কখনও কখনও অবজ্ঞা বা করুণা প্রদর্শন করি না-কি? আমাদের এই ঔপনবেশিক মানশিকতাকে আমরা সযন্তে লালন করি।

(পাণ্ডুলিপি নিচে দেওয়া হলো)

আমরা বাঙালিরা একুশে ফেব্রুয়ারি নিয়ে বড্ড মাতামাতি করি অথচ নিজের বাংলা ভাষার প্রতি যথাযথ সম্মান দেখাই? কোনো বাঙালি যদি নিজেকে শিক্ষিত ব'লে দাবি করেন অথচ তিনি যদি নির্ভুল বাংলা বলতে-লিখতে অপারগ হন তখন তাঁর বাঙালি পরিচিতি নিয়েই প্রশ্ন তোলা যায়। আমাদের দৈনন্দিন কাজে কতটুকু আমরা বাংলা ভাষা ব্যবহার করি এবং কতটাই-বা বাংলা ভাষা ব্যবহার করার অবকাশ রয়েছে? যে কোনো সরকারি কাজে ইংরেজি ভাষার আধিপত্য। আমরা বাঙালিরা যাঁরা কিনা কাজ চালানোর মতো ইংরেজি ভাষা জানি, তাঁরাও কিন্তু যাঁরা ইংরেজি অতটাও জানেন না, তাঁদের প্রতি কখনও কখনও অবজ্ঞা বা করুণা প্রদর্শন করি না-কী? আমাদের এই ঔপনিবেশিক মানসিকতাকে আমরা সযত্নে লালন করি।

৩। যে-কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ লেখো : ১৫

(ক) গৌড়বঙ্গের লোকনাট্য।

(খ) মোবাইল ও আজকের ছাত্রসমাজ।

(গ) তোমার একটি ভ্রমণের অভিজ্ঞতা।

(ঘ) তোমার প্রিয় ঔপন্যাসিক

৪। নিম্নে প্রদত্ত অংশটি আন্তর্জাতিক ধ্বনিমালা অথবা রোমান বর্ণমালা অনুসারে লিপ্যন্তর করো : ৫

এই কালিকাপ্রসাদকে তাঁর ক্লাসের অন্যান্য সহপাঠীরা উপহাসের চোখে দেখলেও দিব্যেন্দু পালিত বেশ পছন্দ করতেন। সবাইকে চমকে দিয়ে স্নাতকোত্তর পরীক্ষায় কালিকাপ্রসাদ প্রথম হয়। এরপর একদিন হঠাৎ সে দিব্যেন্দুর বাসায় এসে তাঁকে জানায় — এ-দেশে পড়াশোনা করার সুযোগ নেই, তাই সে আমেরিকায় যেতে চায়। কালিকা দিব্যেন্দুকে একটি অদ্ভুত দাবি জানিয়ে বলে — "তুমি তোমার সুন্দর বাংলায় একটা চিঠির বয়ান ক'রে দাও। যেটা আনন্দবাজারে পাঠাব। অনেক বড়লোক তো ওই কাগজ পড়ে। আমার ইচ্ছে এবং প্রার্থনার কথা জেনে যদি কেউ এগিয়ে এসে আমায় সাহায্য করে।"

৫। যে-কোনো **দুটির** উদাহরণসহ পরিচয় দাও : ৫×২=১০

মধ্য ব্যঞ্জনাগম, ধ্বনির লোপ, অপভাষা, স্বরাগম

৬। উচ্চশিক্ষায় হিউম্যানিটিজ বা মানবিকীবিদ্যার ব্যাপকতর চর্চার প্রয়োজনীয়তা একজন বিশিষ্ট শিক্ষাবিদের সঙ্গে একটি সাক্ষাৎকার লিপিবদ্ধ করো। ১০

**অথবা,**

কলেজ পত্রিকার জন্য ছাত্র-ছাত্রীদের কাছ থেকে মৌলিক রচনা চেয়ে পত্রিকা সম্পাদকের তরফে একটি বিজ্ঞপ্তি রচনা করো।

৭। বন্যাত্রাণকল্পে একটি এন.জি.ও-র পক্ষ থেকে ত্রাণ মন্ত্রীর কাছে আবেদনপত্র রচনা করো। ১০

**অথবা,**

তোমার মহাবিদ্যালয়ে নববর্ষ উদ্‌যাপিত হয়েছে। এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

৮। বাংলায় অনুবাদ করো। ১০

When Gandhi arrived in South Africa, according to Herman, he thought of himself as “a Briton first, and an Indian second”. However, the prejudice against him and his fellow Indians from British people that Gandhi experienced and observed deeply bothered him. He found it Humiliating, struggling to understand how some people can feel honour or superiority or pleasure in such inhumane practices. Gandhi began to question his people’s standing in the British Empire.